দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

## সমস্যা জর্জরিত একটি মাদ্রাসা

কাউখালী (পিরোজপুর) সংবাদদাতা ॥ স্বাধীনতার পূর্বে প্রতিষ্ঠিত কাউখালী থানার আইরন ইসলামিয়া দাখিল মাদ্রাসায় প্রয়োজনীয় ক্লাসরুম, আসবাবপত্র, শৌচাগার ও নলকূপের অভাবে শিক্ষার্থী ও শিক্ষকমণ্ডলী দীর্ঘদিন যাবৎ সমস্যা ভোগ করিয়া চলিয়াছেন। বর্ষা মৌসুমে কাঁচা রাস্তা ব্যবহারের অযোগ্য হইয়া পড়ায় মাঝে মাঝে ক্লাস বন্ধ রাখিতে হয়। মাদ্রাসার জন্য ব্যবহৃত টিনের ঘরটিও সংস্কারের অভাবে ঝুঁকিপূর্ণ হইয়া পড়িয়াছে। সংশ্লিষ্ট শিক্ষক ও পরিচালনা কমিটি সুত্রে জানা যায় এই শিক্ষা প্রতিষ্ঠান সংস্কারের চিন্তা থাকিলেও অর্থাভাবে কোন কাজে হাত দেওয়া সম্ভব হইতেছে না। গ্রামের লোকদের প্রদত্ত ধান, চাউল, সুপারী ও নগদ টাকার উপর ভরসা করিয়া এই মাদ্রাসা চালাইতে হয়। মাদ্রাসাটির জন্য কোন সরকারী মঞ্জুরী পাওয়া যায় নাই।